

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৩৭৮

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৩) পাঁচ ওয়াক্ত নামায আদায় করা উহার প্রতি যতুবান হওয়া এবং উহা ওয়াজেব হওয়ার ব্যাপারে ঈমান রাখার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في الصلوات الخمس والمحافظة عليها والإيمان بوجوبها

## আরবী

(صحيح لغيره) وَعَنْ عبد الله بن عمرو رَضِيَ اللَّهُ عَنْهُمَا أَنَّ رَجُلاً أَتَى رسولَ الله صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الصَّلاةُ قَالَ: ثُمَّ مَهْ؟ قال ثُمَّ الصَّلاةُ ثلاث مرات، قَالَ: ثُمَّ مَهْ؟ قال ثُمَّ الصَّلاةُ ثلاث مرات، قَالَ: ثُمَّ مَهْ؟ قال ثُمَّ الصَّلاةُ ثلاث مرات، قَالَ: ثُمَّ مَهْ؟ قالَ: الْجِهَادُ فِي سَبِيلِ اللَّهِ. رواه أحمد وابن حبان في صحيحه واللفظ له

## বাংলা

৩৭৮. (ছহীহ লি গাইরিহী) আবদুল্লাহ ইবনে আমর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, একদা জনৈক ব্যক্তি রাসুলুল্লাহ্ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে জিজ্ঞাসা করল কোন আমল সর্বোত্তম?

তখন নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বললেনঃ "নামায"।

লোকটি আবার জিজ্ঞাসা করল: এরপর কোনটি?

তিনি বললেনঃ "এরপর নামায।"

লোকটি আবার জিজ্ঞাসা করল: এরপর কোনটি?

তিনি বললেনঃ "এরপর নামায"। তিনবার কথাটি বললেন।

লোকটি আবার জিজ্ঞাসা করলেন: তারপরে কোনটি?

তিনি বললেনঃ "আল্লাহর পথে জিহাদ।"

(হাদীছটি বর্ণনা করেছেন আহমাদ ২/১৭২, ইবনে হিব্বান ১৭১৯ হাদীছের বাক্য ইবনে হিব্বানের)

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন